

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-১৫৫-আইন/২০২৩/২৩২-মুসক।- সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule-ভুক্ত শিরনামা সংখ্যা ৮৫.৪৪ এর বিপরীতে উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৮৫৪৪.৭০.০০ এর আওতায় অপটিক্যাল ফাইবার ক্যাবল এর স্থানীয় উৎপাদন পর্যায়ে উহার উপর আরোপণীয় ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব